

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪৬ ১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع) পরিচ্ছেদঃ ৬৬. জায়গির সম্পর্কে

باب فِي الْقَطَائِعِ

আরবী

أَخْبُرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الزُّبَيْرِ الْحُمَيْدِيُّ حَدَّثَنَا الْفَرَجُ بْنُ سَعِيدِ بْنِ عَلْقَمَةَ بْنِ سَعِيدِ بْنِ أَبْيَضَ أَنَ أَبْيَضَ أَنَ أَبْيَضَ أَنْ سَعِيدَ بْنِ أَبْيَضَ أَنَ أَبْيَضَ أَنَ أَبَاهُ سَعِيدَ بْنِ أَبْيَضَ مَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ بْنَ أَبْيَضَ حَدَّتُهُ عَنْ أَبْيَضَ بْنِ حَمَّالٍ أَنَّهُ اسْتَقْطَعَ الْمِلْحَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الَّذِي يُقَالُ لَهُ مِلْحُ شَذَّا بِمَأْرِبَ فَأَقْطَعَهُ ثُمَّ إِنَّ الْأَقْرَعَ بْنَ حَابِسِ التَّمِيمِيَّ قَالَ يَا نَبِيَّ اللَّهِ إِنِّي قَدْ وَرَدْتُ الْمِلْحَ فِي الْجَاهِلِيَّةِ وَهُو بَأَرْضِ لَيْسَ بِهَا مَاءٌ وَمَنْ وَرَدَهُ أَخَذَهُ وَهُو بِأَرْضِ لَيْسَ بِهَا مَاءٌ وَمَنْ وَرَدَهُ أَخَذَهُ وَهُو مِثْلُ مَاءِ الْعِدِّ فَاسْتَقَالَ النَّبِيُّ صَلَيًى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْأَبْيَضَ فِي قَطِيعَتِهِ فِي الْمِلْحِ وَهُو مِثْلُ مَاءِ الْعِدِ فَاسْتَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْأَبْيَضَ فِي قَطِيعَتِهِ فِي الْمِلْحِ وَهُو مِثْلُ مَاءِ الْعِدِ فَاسْتَقَالَ النَّبِيُ صَدَقَةً فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْأَبْيَضَ فِي قَطِيعَتِهِ فِي الْمِلْحِ وَهُو مِثْلُ مَاءِ الْعِدِ مَنْ وَرَدَهُ أَخَذَهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْاللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْضً وَكَذَا بِالْجَوْفِ جَوْف مُرْادٍ مَكَانَهُ حِينَ أَقَالَهُ مِنْهُ قَالَ الْقَرَجُ فَهُو عَلَى ذَلِكَ مَنْ وَرَدَهُ أَخْذَهُ

বাংলা

২৬৪৬. আবইয়াদ ইবনু হাম্মাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। 'সাদ্দ মা'রিব' নামক লবণ খনির কিছু জমি জায়গিররূপে দেওয়ার জন্য তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আবেদন করলেন। ফলে তিনি তাকে সেটি জায়গিররূপে প্রদান করলেন। অতঃপর আকরা ইবনু হাবিস আত-তামীমী রাদ্বিয়াল্লাহু আনহু এসে বলেন, ইয়া নবীয়াল্লাহ! জাহিলী যুগে আমি লবণের খনিটিতে গিয়েছিলাম। ঐ এলাকায় কোন পানি নাই। য়ে ব্যক্তিই সেখানে যায় সে-ই কিছু লবণ সংগ্রহ করে নেয়। তা প্রবাহিত পানির মতই (স্থায়ী)। (এ কথা শুনে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবইয়াদের নিকট লবনের জমির চুক্তি প্রত্যাহার করতে চাইলেন।

তখন আমি বললাম: আমি আপনার সাথে চুক্তি প্রত্যাহার করতে প্রস্তুত এই শর্তে যে, সেটিকে আপনি আমার পক্ষ থেকে সাদাকা হিসেবে গণ্য করবেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "তা তোমার পক্ষ থেকে



সাদাকা হিসাবেই গণ্য হবে। আর তা তো প্রবহমান পানির ন্যায়, যে-ই সেখানে যাবে, সে তা নিতে পারবে।"

তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার থেকে সেটি ফেরত নেয়ার বিনিময়ে তাকে 'জাউফি মুরাদ' নামক স্থানের এক খন্ড জমি ও একটি খেজুর বাগান জায়িগিররূপে দান করেন।

অধস্তন রাবী ফারাজ বলেন, সেটা বর্তমানেও সেভাবেই আছে। যে-ই সেখানে যায়, সে তা থেকে সংগ্রহ করে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান।

তাখরীজ: আবূ দাউদ, খারাজ ৩০৬৪, ৩০৬৬; দারুকুতনী ৩/৭৬; ইবনু মাজাহ, রুহন ২৪৭৫; তিরমিযী, আহকাম ১৩৮০; ইবনু আবী আসিম, আহাদ ওয়াল মাছানী নং ২৪৭০; তাবারাণী, কাবীর ১/২৭৮ নং ৮০৮; দারুকুতনী ৪/২২১; বুখারী, কাবীর ২/৫৯; ইবনুল কানি', মু'জামুস সাহাবাহ ৫৯; বাইহাকী, আল মা'রিফাহ নং ১২২২২; আবী উবাইদ, কিতাবুল আমওয়াল ৬৮৫।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৪৯৯ এবং মাওয়ারিদুয যাম'আন নং ১১৪০, ১১৪২ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন